

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২০৯
আগরতলা, ২৬ মার্চ, ২০২৫

বিধানসভা সংবাদ

বিধানসভায় তিনটি বিল গৃহীত

রাজ্য বিধানসভায় আজ তিনটি বিল ধ্বনিভোটে গৃহীত হয়েছে। ‘দ্য সোসাইটিস রেজিস্ট্রেশন (ত্রিপুরা অ্যামেন্ডমেন্ট) বিল ২০২৫ (দ্য ত্রিপুরা বিল নং ৩ অব ২০২৫)’ বিলটি সমবায়মন্ত্রী শুরূচরণ নোয়াতিয়া পেশ করলে সেটি ধ্বনিভোটে গৃহীত হয়। ‘দ্য ত্রিপুরা কো-অপারেটিভ সোসাইটিস (ফিফথ অ্যামেন্ডমেন্ট) বিল ২০২৫ (দ্য ত্রিপুরা বিল নং ৪ অব ২০২৫)’ বিলটি সমবায়মন্ত্রী শুরূচরণ নোয়াতিয়া সভায় পেশ করেন। এটিও সভায় ধ্বনিভোটে গৃহীত হয়। এছাড়া ‘দ্য ত্রিপুরা এক্সাইজ (ফিফথ অ্যামেন্ডমেন্ট) বিল ২০২৫ (দ্য ত্রিপুরা বিল নং ৫ অব ২০২৫)’ বিলটি সভায় অর্থ দপ্তরের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী রতনলাল নাথ পেশ করেন। এই বিলের উপর বিধায়ক গোপাল চন্দ্র রায় সংক্ষিপ্ত আলোচনা করেন। পরে এই বিলটি ধ্বনিভোটে গৃহীত হয়।
